# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৪৭। প্রকাশ্যে ও গোপনে সর্বদাই দ্বীনের উপর অটল থাকা (الاستقامة على الدين ظاهراً وباطناً)

আল্লাহ তা‘আলা বলেন:

(فَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ وَمَنْ تَابَ مَعَكَ وَلَا تَطْغَوْا إِنَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ (112)) [هود: 112].

‘সুতরাং যেভাবে তুমি নির্দেশিত হয়েছ, সেভাবে তুমি এবং তোমার সাথী যারা তওবা করেছে, সকলে অবিচল থাক। আর সীমালঙ্ঘন করো না। তোমরা যা করছ, নিশ্চয় তিনি তার সম্যক দ্রষ্টা’ (সূরা হূদ: ১১২)।

আল্লাহ তা‘আলা শু‘আইব (আঃ)-এর কথা উল্লেখ করে বলেন:

(وَمَا أُرِيدُ أَنْ أُخَالِفَكُمْ إِلَى مَا أَنْهَاكُمْ عَنْهُ إِنْ أُرِيدُ إِلَّا الْإِصْلَاحَ مَا اسْتَطَعْتُ وَمَا تَوْفِيقِي إِلَّا بِاللَّهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ (88)) [هود: 88].

‘যে কাজ থেকে আমি তোমাদেরকে নিষেধ করছি, তোমাদের বিরোধিতা করে সে কাজটি আমি করতে চাই না। আমি আমার সাধ্যমত সংশোধন চাই। আল্লাহর সহায়তা ছাড়া আমার কোন তাওফীক্ব নেই। আমি তাঁরই উপর ভরসা করেছি এবং তাঁরই নিকট ফিরে যাই’ (সূরা হূদ: ৮৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9388

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন